মঞ্জুরী নং - ৩০

৩৫-ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	134,00,00	94,98,37	107,98,00
উন্নয়ন	137,47,00	160,00,00	181,00,00
মোট	271,47,00	254,98,37	288,98,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

ধর্মীয় সংস্কৃতির বিকাশ এবং ধর্মীয় চেতনায় উদ্বুদ্ধ করে দেশের জনগণের নৈতিক মান ও আর্থ–সামাজিক উন্নয়ন।

১.২ প্রধান কার্যাবলি

(ক) ইসলামিক ফাউন্ডেশন, ওয়াক্‌ফ প্রশাসন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সংক্রান্ত গবেষণা ও তত্ত্বাবধান, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;

(খ) হজ্জনীতি, হজ্জ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ্জ চুক্তি সম্পাদন ও হজ্জযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ্জ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমণকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যক্রম গ্রহণ;

(গ) ওয়াক্‌ফ/দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও ওয়াক্‌ফ এস্টেট/দেবোত্তর সম্পত্তি পরিচালনায় সহায়তা প্রদান;

(ঘ) ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা প্রকাশনার ক্ষেত্রে উন্নয়ন সাধন ও পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;

(ঙ) ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন ও অংশগ্রহণ, বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;

(চ) ধর্মীয় প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সামাজিক উন্নয়ন, গবেষণা পরিচালনা, দুর্নীতি ও সন্ত্রাসবাদ প্রতিরোধ, ভ্রাতৃত্ববোধ ও ধর্মীয় সম্প্রীতি জোরদারকরণ;

(ছ) বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উপলক্ষ এবং উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম।

২. মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার সুযোগ সম্প্রসারণসহ ধর্মীয় প্রতিষ্ঠানে পাঠাগার স্থাপন এবং অব্যাহত শিক্ষা	• প্রাক-প্রাথমিক স্তরের শিশুকে (৪-৬ বছর) প্রাক-প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান • প্রাক-প্রাথমিক স্তরের পাঠ্য বই প্রণয়ন ও	• ইসলামিক ফাউন্ডেশন • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
কার্যক্রম পরিচালনা	বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ • শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান • শিশু শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থাকরণ	
	• ধর্মীয় প্রতিষ্ঠানভিত্তিক পাঠাগার স্থাপন ও পরিচালনা • রিসোর্স সেন্টার কাম অব্যাহত পাঠাগার পরিচালনা • জীবনব্যাপী শিক্ষা কর্মসূচি	• Bmj wgK dvD‡Ûkb
২. ধর্মীয় ব্যক্তিত্বকে অন্তর্ভুক্ত করে মানব সম্পদ উন্নয়ন এবং সন্ত্রাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি	• ধর্মীয় ব্যক্তিত্বকে (ইমাম, সেবাইত/পুরোহিত ও ভিক্ষু) আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	• সচিবালয় • ইসলামিক ফাউন্ডেশন (ইমাম প্রশিক্ষণ একাডেমি) • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
	• আন্তঃধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও পরামর্শক সভা আয়োজন • সন্ত্রাস বিরোধী প্রশিক্ষণ ও প্রচারণার আয়োজন	• ইসলামিক ফাউন্ডেশন
৩. ওয়াক্‌ফ এবং দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনার উন্নয়ন	• ওয়াক্‌ফ এস্টেটসমূহ চিহ্নিতকরণ, রক্ষণাবেক্ষণ ও ডাটাবেইজ প্রস্তুতকরণ	• ওয়াক্‌ফ প্রশাসন
	• দেবোত্তর সম্পত্তি চিহ্নিতকরণ, রক্ষণাবেক্ষণ ও তালিকা প্রণয়ন	• হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
	• ওয়াক্‌ফ এস্টেট/দেবোত্তর সম্পত্তি পরিচালনা ও উন্নয়নে কার্যক্রম গ্রহণ	• ওয়াক্‌ফ প্রশাসন • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৪. গবেষণা ও প্রকাশনার মাধ্যমে ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের প্রচার এবং প্রসার	• লেখক, গবেষক, অনুবাদক নির্বাচন • ধর্মীয় গবেষণা, পুস্তক মুদ্রণ, বিক্রয় ও বিতরণ	• ইসলামিক ফাউন্ডেশন
৫. হজ্জ ব্যবস্থাপনার উন্নয়ন	• জাতীয় হজ্জ নীতি প্রণয়ন, সংশোধন ও পরিমার্জন • দ্বি-পাক্ষিক হজ্জ চুক্তি সম্পাদন • হজ্জ প্যাকেজ ঘোষণা • হজ্জ নীতি প্রচার ও সরকারি ব্যবস্থাপনায় হজ্জ গমনে উদ্বুদ্ধকরণ • হজ্জ প্রশাসনিক দল, চিকিৎসক দল এবং হজ্জ গাইড প্রেরণ	• সচিবালয়

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• হজ্জ ব্যবস্থাপনায় আইটি সংযোজনসহ হজ্জ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন	• হজ্ব অফিস (ঢাকা)
	• সৌদি আরবে হজ্জযাত্রীদের জন্য পরিবহন ও আবাসন ব্যবস্থাসহ অন্যান্য সুযোগ সৃষ্টি	• হজ্জ অফিস (মক্কা)
৬. যাকাত ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে দারিদ্র্য নিরসন	• যাকাত সংগ্রহ • দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় সহায়তা প্রদান • যাকাত ফান্ডের অর্থে বিভিন্ন প্রতিষ্ঠান পরিচালনা	• ইসলামিক ফাউন্ডেশন (যাকাত বোর্ড)
৭. ধর্মীয় প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সংরক্ষণ এবং অবকাঠামো উন্নয়নে অনুদান প্রদান	• ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে (মসজিদ/মাদ্রাসা, মন্দির/মঠ/আশ্রম, প্যাগোডা/বৌদ্ধ মন্দির) অনুদান প্রদান	• সচিবালয় • হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট • বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
৮. আর্থ-সামাজিক ও নৈতিক উন্নয়নে কার্যক্রম গ্রহণ	• ইমাম-মুয়াজ্জিনকে আত্ম-নির্ভরশীলতার জন্য আর্থিক সহায়তা প্রদান	• ইসলামিক ফাউন্ডেশন (ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট)
	• চিকিৎসা সেবা প্রদান	• ইসলামিক ফাউন্ডেশন (ইসলামিক মিশন)
	• দুঃস্থদের আর্থিক অনুদান প্রদান	• সচিবালয়

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার সুযোগ সম্প্রসারণসহ ধর্মীয় প্রতিষ্ঠানে পাঠাগার স্থাপন এবং অব্যাহত শিক্ষা কার্যক্রম পরিচালনা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ শিক্ষক নিয়োগ ও প্রশিক্ষণ প্রক্রিয়ায় দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ হবে। গড়ে বছরে ৪১,০০০ শিক্ষকের নিয়োগ প্রাপ্তির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান হবে। ৩৩ লক্ষ শিশু (ছেলে ও মেয়ে) উন্নতমানের শিক্ষা পাবে, যা ভবিষ্যতে দারিদ্র নিরসনে সাহায্য করবে। সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্সের ফলে ২২ লক্ষ সুফলভোগীর আয় বৃদ্ধি পাবে। এছাড়া ৪৫,০০০ কিশোর-কিশোরী ও বয়স্ককে শিক্ষা কোর্সের আওতায় এনে জীবিকায়ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। লব্ধজ্ঞান ও প্রশিক্ষণ দরিদ্র পরিবারের আয় বৃদ্ধিতে ভূমিকা রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রাক-প্রাথমিক শিক্ষা কেন্দ্র চালুর ফলে মেয়েশিশুদের অংশগ্রহণ অধিকতর বৃদ্ধি পাবে। সামাজিক নিরাপত্তাসহ তাঁদের সচেতনতা এবং সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ বৃদ্ধি পাবে। শিক্ষা কেন্দ্রসমূহে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। সাক্ষরতা-উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্সে নারীদের অগ্রাধিকার প্রদান করে নারীর অংশগ্রহণ নিশ্চিত করা হবে, যা সামগ্রিকভাবে নারী উন্নয়নে প্রত্যক্ষ প্রভাব ফেলবে। সুশিক্ষিত নারীর সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ বাড়বে এবং অর্থনৈতিক কর্মকান্ডে তাঁরা অধিক সম্পৃক্ত হবে।

৩.১.২ ধর্মীয় ব্যক্তিত্বকে অন্তর্ভুক্ত করে মানব সম্পদ উন্নয়ন এবং সন্ত্রাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ধর্মীয় ব্যক্তিত্বকে (ইমাম, পুরোহিত/সেবাইত ও ভিক্ষু) আর্থ-সামাজিক বিষয়ে ও তথ্য প্রযুক্তি ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান এবং মানব সম্পদ উন্নয়নে সম্পৃক্তকরণ করা হবে। এর ফলে তাঁরা দরিদ্র জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি/আয় বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসে ভূমিকা রাখবে। সন্ত্রাস প্রতিরোধে সহায়ক ভূমিকা পালনের মাধ্যমে আইন-শৃঙ্খলার উন্নয়নে অবদান রাখায় সুশাসন প্রতিষ্ঠাসহ অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত হবে এবং দারিদ্র্য বিমোচন হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নের ফলে আয়বর্ধক কর্মে নারীর অংশগ্রহণ আরও বৃদ্ধি পাবে। ধর্মীয় ব্যক্তিত্বকে নারীর সমতাকরণ, প্রজনন স্বাস্থ্য ও জেন্ডার ইস্যুর উপর সামাজিক ও পারিবারিক ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধির কার্যক্রমে সম্পৃক্ত করা হবে যা নারী সংক্রান্ত নেতিবাচক ধারণা দূর করতে সহায়তা করবে। এর ফলে সমাজে ও পারিবারিকভাবে নারীর ক্ষমতায়নসহ উন্নয়ন কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে।

৩.১.৩ ওয়াক্‌ফ এবং দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনার উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ওয়াক্‌ফ ও দেবোত্তর সম্পত্তির সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণের ফলে দরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ হবে এবং আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ ওয়াক্‌ফ ও দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনার উন্নয়ন কার্যক্রমের ফলে সীমিত আকারে নারীর জন্য কর্মসংস্থানের সৃষ্টি হবে এবং আয় বৃদ্ধিতে সহায়ক ভূমিকা রাখবে।

৩.১.৪ গবেষণা ও প্রকাশনার মাধ্যমে ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের প্রচার এবং প্রসার

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ দরিদ্র জনগোষ্ঠীর নৈতিক মান উন্নয়নের জন্য গবেষণাধর্মী পুস্তক প্রকাশের মাধ্যমে মূল্যবোধের প্রচার ও প্রসার করা হবে। ধর্মীয় দৃষ্টিকোণ থেকে শ্রমের ও কর্মের গুরত্ব এবং নৈতিকতার প্রচারণার ফলে দারিদ্র্য জনগোষ্ঠীর মাঝে শ্রম ও কর্মের গুরুত্ব বৃদ্ধি পাবে যা দারিদ্র্য বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ ধর্মীয় মূল্যবোধ ও নৈতিক উন্নয়নে বিশেষ করে পারিবারিক পর্যায়ে মা এবং নারীর ভূমিকার উপর গুরুত্ব দিয়ে প্রকাশনা এবং প্রচারের কার্যক্রম পরিচালনা করা হবে। এসব প্রকাশনা ও প্রচার নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধিতে ও ক্ষমতায়নে সহায়তা করবে।

৩.১.৫ হজ্জ ব্যবস্থাপনার উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ কোন প্রভাব নেই। তবে হজ্জ ব্যবস্থাপনা ও আইটি সার্ভিসের উন্নয়নের ফলে খরচ তুলনামূলকভাবে হ্রাস পাবে। হজ্জে গমন সহজ হওয়ায় এবং ব্যয় হ্রাস পাওয়ায় হজ্জে গমনেচ্ছুর সংখ্যা বৃদ্ধি পাবে। সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার লক্ষ্যে সাময়িকভাবে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। এর ফলে দেশের দরিদ্র জনগোষ্ঠীর যোগ্যতাসম্পন্নদের কর্মের সুযোগ বৃদ্ধি পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ হজ্জ ব্যবস্থাপনার উন্নয়নের ফলে হজ্জ সম্পাদনে নারীরা উৎসাহিত হবে। ধর্মীয় অনুশাসন এবং নৈতিকতার দ্বারা প্রভাবিত নারী পারিবারিক পর্যায়েও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সমর্থ হবে।

৩.১.৬ যাকাত ফান্ড ব্যবস্থাপনার মাধ্যমে দারিদ্র্য নিরসন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ যাকাত ফান্ডের সংগৃহীত অর্থ চরম দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদেরকে আর্থিক সহায়তা হিসেবে প্রদান করে আত্ন-নির্ভরশীল ও অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে সহায়তা করা হবে। ফলে স্ব-কর্মসংস্থানের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর স্থায়ীভাবে দারিদ্র্য নিরসন এবং দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ যাকাতের অর্থ চরম দরিদ্র ও দুঃস্থ মহিলাদের অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে সরাসরি ভূমিকা রাখবে। আয় বৃদ্ধির ফলে পারিবারিক ও সামাজিক ক্ষেত্রে নারীর মর্যাদা বৃদ্ধি পাবে।

৩.১.৭ ধর্মীয় প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সংরক্ষণ এবং অবকাঠামো উন্নয়নে অনুদান প্রদান

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সরকারিভাবে ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের সংস্কার ও মেরামতের জন্য আর্থিক অনুদান প্রাপ্তির ফলে এলাকার জনগণের ধর্মীয় আচার অনুষ্ঠান পালনের সুযোগ বৃদ্ধি পাবে এবং তাঁদের উপর ধর্মীয় প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কারের জন্য আর্থিক সহায়তা করার চাপ কমবে । মেরামত ও সংস্কার কাজে দারিদ্র্য জনগোষ্ঠীর সাময়িক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ প্রভাব নেই। তবে ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের ফলে নারীরাও পরোক্ষভাবে উপকৃত হবে।

৩.১.৮ আর্থ-সামাজিক ও নৈতিক উন্নয়নে কার্যক্রম গ্রহণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ এ কার্যক্রমের আওতায় কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষিত হওয়ার ফলে শ্রম বাজারে দারিদ্র্য জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং আয় বাড়বে । এছাড়া ইসলামিক মিশনের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র জনগোষ্ঠী চিকিৎসা সেবা পাবে। সুস্থ্য ও প্রশিক্ষিত জনবল অধিক আয় উপার্জনক্ষম হবে যা দারিদ্র্য নিরসনে প্রভাব ফেলবে। দুঃস্থদের আর্থিক অনুদান কার্যক্রম প্রত্যক্ষভাবে দারিদ্র্য নিরসনে সহায়তা করবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ এ কার্যক্রমের আওতায় নারীগণের অংশগ্রহণের ফলে নারীর যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধি পাবে এবং উৎপাদনশীল কর্মে অংশগ্রহনের মাধ্যমে নারীর সামাজিক মর্যাদা ও আর্থিক স্বচ্ছলতা বাড়বে। এছাড়া নারীরাও চিকিৎসা সেবা কার্যক্রমের আওতায় চিকিৎসা সেবা পাবে। ফলে নারী স্বাস্থ্য নিশ্চিত হবে। সুস্থ্য নারী পারিবারিক ক্ষেত্রে এবং কর্মক্ষেত্রে অধিক শ্রম প্রদান করতে সক্ষম হবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	৭৭,৭৪,৮৬	৭২,১৩,৩০	৮১,৭৩,২৭
নারী উন্নয়ন	১৯,৮২,৪০	১৫,৭৪,০০	১৭,৮৫,৮৬

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. **শিশু বিকাশে প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষাঃ** ০-৫ বছর বয়স শিশুর বিকাশের সর্বাধিক গুরুত্বপূর্ণ সময়। প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে শিশুদের উপযুক্ত করে গড়ে তুলে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়ার উপযোগী করার জন্য এ কার্যক্রম খুবই যুগোপযোগী। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের সর্বোচ্চ অগ্রাধিকার সম্পন্ন খাত হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে।	• প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার সুযোগ সম্প্রসারণসহ ধর্মীয় প্রতিষ্ঠানে পাঠাগার স্থাপন এবং অব্যাহত শিক্ষা কার্যক্রম পরিচালনা
২. **ধর্মীয় ব্যক্তিত্বদের সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানঃ** ধর্মীয় ব্যক্তিত্বদেরকে আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানের ফলে আর্থ-সামাজিক কর্মকান্ডে তাঁদের সম্পৃক্ততা বাড়বে। প্রশিক্ষণপ্রাপ্ত ধর্মীয় **ব্যক্তিত্ব** সন্ত্রাসবিরোধী কার্যক্রমসহ আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবেন। এ বিবেচনায় এ খাতকে মন্ত্রণালয়ের অগ্রাধিকার সম্পন্ন খাত হিসেবে বিবেচনা করা হয়েছে।	• ধর্মীয় ব্যক্তিত্বকে অন্তর্ভুক্ত করে মানব সম্পদ উন্নয়ন এবং সন্ত্রাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. **ধর্মীয় পুস্তক প্রকাশনা কার্যক্রমঃ** জনগণের নৈতিকতা ও মূল্যবোধের উন্নয়নে ধর্মীয় পুস্তকাদির প্রকাশনা এবং গবেষণার সুযোগ সৃষ্টি করার নিমিত্ত এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।	• গবেষণা ও প্রকাশনার মাধ্যমে ধর্মীয় ও নৈতিক মূল্যবোধের প্রচার এবং প্রসার
৪. **শিক্ষক দক্ষতা উন্নয়নঃ** শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য প্রয়োজন প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক। প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষায় নিয়োজিত শিক্ষক-শিক্ষিকাকে বিষয়ভিত্তিকসহ বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রশিক্ষিত করে শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রচেষ্টা গ্রহণ করা প্রয়োজন। শিক্ষার গুণগত মান উন্নয়নে প্রশিক্ষণের গুরুত্ব বিবেচনায় রেখেই প্রশিক্ষণ কর্মসূচিকে অগ্রাধিকার দেওয়া হয়েছে।	• প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার সুযোগ সম্প্রসারণসহ ধর্মীয় প্রতিষ্ঠানে পাঠাগার স্থাপন এবং অব্যাহত শিক্ষা কার্যক্রম পরিচালনা
৫. **আর্থ-সামাজিক ও নৈতিক উন্নয়নে পাঠাগার ও অব্যাহত শিক্ষা কার্যক্রমে গতিশীলতা আনয়নঃ** আর্থ-সামাজিক ও নৈতিক উন্নয়নে ধর্মীয় প্রতিষ্ঠানভিত্তিক পাঠাগার ও অব্যাহত শিক্ষা কার্যক্রমের মাধ্যমে জনসাধারণকে উদ্বুদ্ধ করার প্রয়োজনে কার্যক্রম গ্রহণের গুরুত্ব রয়েছে। এছাড়া মসজিদ পাঠাগার ও অব্যাহত শিক্ষা কার্যক্রমের মাধ্যমে পাঠ্যভ্যাস গড়ে তুলে সাক্ষরতা উত্তর কার্যক্রমে গতিশীলতা আনতে এ খাতকে গুরুত্ব দেওয়া হয়েছে।	• প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার সুযোগ সম্প্রসারণসহ ধর্মীয় প্রতিষ্ঠানে পাঠাগার স্থাপন এবং অব্যাহত শিক্ষা কার্যক্রম পরিচালনা
৬. **আর্থ-সামাজিক উন্নয়নে ধর্মীয় প্রতিষ্ঠানভিত্তিক কার্যক্রম গ্রহণ এবং চিকিৎসা সেবা কার্যক্রমের প্রসারঃ** কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানপূর্বক দক্ষ জনশক্তিতে রূপান্তর করে শ্রম বাজারে অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণের প্রয়োজন রয়েছে। পাশাপাশি দেশের প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র জনগোষ্ঠীকে চিকিৎসা সেবা প্রদানে সামাজিক দায়িত্ব ও গুরুত্ব রয়েছে। এ দৃষ্টিকোণ থেকে এ খাতকে গুরুত্ব দেওয়া হয়েছে।	• আর্থ-সামাজিক ও নৈতিক উন্নয়নে কার্যক্রম গ্রহণ

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
						২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. প্রাক প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার কভারেজ	১	শতাংশ	8	১০	১০	১২	১৪	১৬
২. ইমাম, পুরোহিত/সোবাইত, ভিক্ষুদের প্রশিক্ষণ কভারেজ	২	শতাংশ	2	২.৫	২.৫	৩	৪	৫
৩. গবেষণা ও পুস্তক প্রকাশনার মাধ্যমে ধর্মীয় জ্ঞান অবহিতকরণ	৪	লক্ষ জন	৪০	৪৫	৫০	৫৬	৬০	৬৫
৪. ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদানের কভারেজ	৮	শতাংশ	৩	৪	৪	৫	৬	৭
৫. হজ্জ সেবা প্রদান	৫	হাজার জন	৪৮	৫৯	৫৯	৭৫	৮৫	৯৫

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সচিবালয়

৫.১.১ **সাম্প্রতিক অর্জনঃ** হজ্জ ব্যবস্থাপনার উন্নয়নের লক্ষ্যে সংশোধিত জাতীয় হজ্জনীতি ২০১০-১৪ জারী করা হয়েছে। সুষ্ঠুভাবে হজ্জ সম্পাদনের লক্ষ্যে হজ্জ ব্যবস্থাপনায় আইটি সংযোজন করা হয়েছে। সারা দেশের

মসজিদ, মন্দির, মঠ, আশ্রম, প্যাগোডা ও বৌদ্ধ মন্দিরসমূহ সংস্কার ও মেরামতের লক্ষ্যে প্রায় ৭ কোটি টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নে গণসচেতনতা তৈরীর লক্ষ্যে প্রায় ১০,৫০০ জন ধর্মীয় ব্যক্তিত্বকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে ।

৫.১.২ প্রধান র্কাযক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান র্কাযক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ধর্মীয় ব্যক্তিত্বকে (ইমাম, সেবাইত/ পুরোহিত ভিক্ষু) আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	• ১৮,২৬০ জন ধর্মীয় নেতাকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনগণের আচরণগত দৃষ্টিভঙ্গি পরিবর্তনে উদ্বুদ্ধকরণ	২
২. জাতীয় হজ্জ নীত প্রণয়ন, সংশোধন ও পরিমার্জন	• নির্ধারিত সময়ের মধ্যে হজ্জ ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন • সামগ্রিক হজ্জ ব্যবস্থাপনাকে সু-শৃঙ্খলকরণ • দীর্ঘমেয়াদি বা মধ্যমেয়াদি হজ্জ নীতি প্রণয়ন	৫
৩. দ্বি-পাক্ষিক হজ্জ চুক্তি সম্পাদন	• সৌদি আরব সরকারের সাথে দ্বি-পাক্ষিক হজ্জ চুক্তি সম্পাদন • ২৬০টি বেসরকারি হজ্জ এজেন্সির সাথে দ্বি-পাক্ষিক চুক্তি সম্পাদন • হাজীদের সুযোগ-সুবিধা বৃদ্ধি • হজ্জব্রত পালনকে সুনিয়ন্ত্রিত পদ্ধতির আওতায় আনয়ন	৫
৪. হজ্জ প্যাকেজ ঘোষণা	• সরকারি পর্যায়ে ১৫ হাজার এবং বেসরকারি পর্যায়ে ৬০ হাজার হজ্জ যাত্রীর লক্ষ্যমাত্রা নির্ধারণ • হজ্জ বাবদ ব্যয় হাজী প্রতি ২ লক্ষ ২৮ হাজার টাকা নির্ধারণ	৫
৫. হজ্জ নীতি প্রচার ও সরকারি ব্যবস্থাপনায় হজ্জ গমনে উদ্বুদ্ধকরণ	• সংবাদ পত্র, রেডিও টেলিভিশনের মাধ্যমে হজ্জ নীতি প্রচার ও হজ্জ গমনে উদ্বুদ্ধকরণ • তৃণমূল পর্যায়ে প্রচারের মাধ্যমে জনসাধারণকে হজ্জ গমনে উদ্বুদ্ধকরণ • ১৫ হাজার হজ্জ যাত্রীকে সরকারি ব্যবস্থাপনায় হজ্জ গমনে উদ্বুদ্ধকরণ	৫
৬. হজ্জ প্রশাসনিক দল, চিকিৎসক দল এবং হজ্জ গাইড প্রেরণ	• হাজীদের সহযোগিতা ও তত্ত্বাবধানের লক্ষ্যে ৩৫ সদস্যের প্রশাসনিক দল প্রেরণ • হাজীদের চিকিৎসা সেবা প্রদানের	৫

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	লক্ষ্যে ৬০ সদস্যের চিকিৎসক দল প্রেরণ • হাজীদের তত্ত্বাবধানে ১৯০ জন হজ্জ গাইড নির্বাচন ও প্রেরণ	
৭. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে (মসজিদ/মাদ্রাসা, মন্দির/মঠ/আশ্রম, প্যাগোডা/বৌদ্ধ মন্দির) অনুদান প্রদান	• ১২,০০০ মুসলিম/হিন্দু/বৌদ্ধ/খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে গড়ে ৫,০০০-১০,০০০ টাকা হারে অনুদান প্রদান • নিয়মিত আয়ের উৎসবিহীন ২২,২১৮টি মসজিদ ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে ১০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ বিল প্রদান • ৯৪১টি ধর্মীয় প্রতিষ্ঠান/উপসনালয়ে ২০ হাজার গ্যালন পর্যন্ত পানির বিল প্রদান • সুন্দর ও নিরাপদ পরিবেশে প্রার্থনা/ধর্ম চর্চায় উৎসাহ যোগাতে ধর্মীয় উপাসনালয়ের প্রয়োজনীয় সংস্কার ও সংরক্ষণ	৭
৮. দুঃস্থদের আর্থিক অনুদান প্রদান	• ৭০০ জন দুঃস্থ পুনর্বাসন বাবদ ৭৫.০০ লক্ষ টাকা অনুদান প্রদান	৮

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান প্রদান	সংখ্যা	১২,৪২৮	১৩,০০০	১৩,০০০	১৩,৫০০	১৪,০০০	১৫,০০০
২. ইমাম/পুরোহিত/সেবাইত/ভিক্ষুদের প্রশিক্ষণ প্রদান	সংখ্যা	২,০০০	২,০০০	২,২০০	২,৫০০	৩,০০০	৩,৫০০
৩. হজ্জ এজেন্সির লাইসেন্স প্রদান ও নবায়ন	সংখ্যা	১৯৭	২৫০	২৫০	২৬০	২৭০	২৮০
৪. হজ্জ গাইড নিয়োগ ও প্রশিক্ষণ	সংখ্যা	-	১৮০	১৮০	১৯০	২০০	২১০

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১,৮৭,০০	২,৩২,৮৮	২,৭৪,১০	৩,০১,৫১	৩,২৩,০১
উন্নয়ন	১১৪,২৩,০০	১৮২,৪১,০০	৩,৪২,০০	১৬০,০০,০০	১৮১,০০,০০
মোট	১১৬,১০,০০	১৮৪,৭৩,৮৮	৬,১৬,১০	১৬৩,০১,৫১	১৮৪,২৩,০১

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিবালয়)	
অনুমোদিত প্রকল্প	
মানব সম্পদ উন্নয়নে ধর্মীয় নেতাদের সম্পৃক্তকরণ	১

৫.২ ইসলামিক ফাউন্ডেশন

৫.২.১ **সাম্প্রতিক অর্জনঃ** ৩০ লক্ষ ৯০ হাজার শিশুকে প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। ৭,০০০ জন ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জনগণের নৈতিক মূল্যবোধ উন্নয়নের জন্য ১৩০ টি গবেষণামূলক ও সাধারণ গ্রন্থাদি প্রকাশ করা হয়েছে। ৩১ লক্ষ দরিদ্র লোককে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। দারিদ্র্য বিমোচনের জন্য ৩,০৫২ জনকে সুদমুক্ত ঋণ এবং ৪৭০ মহিলাকে সেলাই প্রশিক্ষণ প্রদানপূর্বক সেলাই মেশিন বিতরণ করে কর্মসংস্থানের সুযোগ করে দেওয়া হয়েছে। মাদক ও যৌতুকবিহীন বিবাহ সম্পর্কিত ২০টি সেমিনার, জাতীয় ও ধর্মীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ৮৩২টি অনুষ্ঠান, ঈদ-এ মিলাদুন্নবী উপলক্ষ্যে ১৩৪টি অনুষ্ঠান, ৭১৪টি কোরআনের তাফসির মাহফিল এবং শিক্ষামূলক ও শিক্ষাভিত্তিক ১,০৪২টি কর্মসূচি/প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের ৪৫,৫০০ জন ধর্মপ্রাণ মুসলমানকে স্ব-স্ব মহল্লার মসজিদে পবিত্র কুরআন শিক্ষা দেওয়া হয়েছে। ইমাম প্রশিক্ষণ একাডেমীর ৭টি কেন্দ্রের মাধ্যমে প্রতিকেন্দ্রে প্রতিব্যাচে ১০০ জন করে ইমামকে ৬টি বিষয়ের উপর ৭,০০০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ৪৫ দিনব্যাপী মূল প্রশিক্ষণ শেষ করার ১ বছর পর রিফ্রেসার্স প্রশিক্ষণেরও আয়োজন করা হয়েছে। গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষ্যে মোট ৩৮৪টি দেয়ালিকা প্রকাশিত হয়েছে।

৫.২.১ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. প্রাক-প্রাথমিক স্তরের শিশুকে (৪-৬ বছর) প্রাক-প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান	• ১০ লক্ষ ১০ হাজার শিশুকে স্ব-স্ব মহল্লার মসজিদসমূহে প্রতিষ্ঠিত ৩২,০০০ কেন্দ্রের মাধ্যমে প্রাক-প্রাথমিক পর্যায়ের শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান • প্রত্যন্ত অঞ্চলে ৩১টি মিশনের মাধ্যমে ৩২০টি মক্তবে ও ১৬টি এবতেদায়ী মাদ্রাসায় প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান	১
২. প্রাক-প্রাথমিক স্তরের পাঠ্যবই প্রণয়ন ও বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ	• প্রাক-প্রাথমিক পর্যায়ের ১০ লক্ষ শিশু শিক্ষার্থীগণের (৪-৬ বছর) মাঝে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করে দরিদ্র ও অসহায় পরিবারের শিশু সন্তানদের শিক্ষা লাভের সুযোগ সৃষ্টি	১
৩. শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান	• প্রাক-প্রাথমিক স্তরের শিক্ষা কার্যক্রমে নিয়োজিত ৩২ হাজার ইমাম/শিক্ষককে প্রশিক্ষণ প্রদান	১

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৪. শিশু শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থাকরণ	• প্রাক-প্রাথমিক পর্যায়ের শিক্ষা সমাপ্তির পর শিশু শিক্ষার্থীদের স্থানীয় প্রাইমারী স্কুলে ভর্তির ব্যবস্থা ১০০ ভাগে উন্নীতকরণ	১
৫. ধর্মীয় প্রতিষ্ঠানভিত্তিক পাঠাগার স্থাপন ও পরিচালনা	• মসজিদভিত্তিক ধর্মীয় পুস্তক পাঠের সুযোগ সৃষ্টির লক্ষ্যে মসজিদ ভিত্তিক প্রতিষ্ঠিত ৮০০টি নতুন এবং ১,০০০টি পুরাতন পাঠাগারে পুস্তক সরবরাহ • ৩,০০০ কপি কুরআনুল করীম বিতরণ	১
৬. রিসোর্স সেন্টার কাম অব্যাহত পাঠাগার পরিচালনা	• গণশিক্ষা ও বয়স্ক শিক্ষা কার্যক্রমের আওতায় শিক্ষা অর্জনকারীগণের অর্জিত শিক্ষা জীবনব্যাপী ধরে রাখার লক্ষ্যে বিভিন্ন উপজেলায় রিসোর্স সেন্টার কাম অব্যাহত পাঠাগার পরিচালনা	১
৭. জীবনব্যাপী শিক্ষা কর্মসূচি	• মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় অর্জিত শিক্ষা জীবনব্যাপী ধরে রাখার ব্যবস্থা গ্রহণ	১
৮. ধর্মীয় ব্যক্তিত্বকে (ইমাম) আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	• মসজিদের ইমামগণকে আর্থিক ও সামাজিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ৭ হাজার ইমামকে প্রশিক্ষণ প্রদান • মাদকের ভয়াবহতা, যৌতুকবিহীন বিবাহ, নারী ও শিশু পাচার রোধ ইত্যাদি বিষয়ে জনসাধারণকে সচেতন করতে ৭ হাজার ইমামকে উদ্বুদ্ধকরণ • ২০০ জন ইমাম এবং মাদ্রাসার ছাত্রদেরকে ২ মাস ব্যাপী কম্পিউটার প্রশিক্ষণ প্রদান	২
৯. আন্তঃধর্মীয় সংলাপ, ওয়ার্কশপ, সেমিনার ও পরামর্শক সভা আয়োজন	• ধর্মীয় সম্প্রীতি রক্ষা, সমাজে বিভিন্ন ধর্ম সম্পর্কে নেতিবাচক ধারণার নিরসন এবং আন্ত: ধর্মীয় যোগাযোগ বৃদ্ধিসহ ধর্মীয় সচেতনতা সৃষ্টির জন্য ১৯২টি অনুষ্ঠান আয়োজন • ৪১৬টি জাতীয় ও ধর্মীয় অনুষ্ঠান বাস্তবায়ন	২
১০. সন্ত্রাস বিরোধী প্রশিক্ষণ ও প্রচারণার আয়োজন	• ৬৪টি উদ্বুদ্ধকরণ মাহফিলের মাধ্যমে সমাজ থেকে জঙ্গীবাদ, সন্ত্রাসবাদ নির্মূলে জনসচেতনতা সৃষ্টি • ৩০টি ধর্মীয় মূল্যবোধ প্রচার অনুষ্ঠানের আয়োজন	২

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১১. লেখক, গবেষক, অনুবাদক নির্বাচন	• দেশের খ্যাতনামা লেখক, গবেষক, অনুবাদক নির্বাচনপূর্বক নির্ভরযোগ্য ধর্মীয় পুস্তক রচনা/ অনুবাদ/গবেষণা প্রতিবেদন প্রকাশ	৪
১২. পুস্তক মুদ্রণ, বিক্রয় ও বিতরণ	• ইসলামের ইতিহাস-ঐতিহ্য, কুরআন ও হাদিস বিষয়ক ১৩০টি পুস্তক মুদ্রণ ও প্রকাশ • সহনীয় মূল্যে মানসম্মত ধর্মীয় পুস্তক ক্রয়ের ও পড়ার সুযোগ বৃদ্ধি • দেশের প্রত্যন্ত অঞ্চলের জনসাধারণকে ইসলামিক ফাউন্ডেশনের স্থানীয় কার্যালয় হতে পুস্তক ক্রয়ের সুযোগ প্রদান • সারা দেশে বই বিক্রি বাবদ ১.৭৩ কোটি টাকা আয় • দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয় পুস্তকপাঠের সুযোগ সৃষ্টির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক পাঠাগার প্রতিষ্ঠা • ৬০ হাজার বই বিতরণের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে ধর্মীয় পুস্তক পাঠের অভ্যাস গড়ে তোলা	৪
১৩. যাকাত সংগ্রহ	• বিত্তবানদের নিকট থেকে যাকাত বাবদ ৫০.০০ লক্ষ টাকা সংগ্রহ	৬
১৪. দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-নির্ভরশীলতায় সহায়তা প্রদান	• দরিদ্র জনগোষ্ঠীকে স্বনির্ভর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির নিমিত্ত পুঁজি প্রদান • দরিদ্র ও মেধাবীদের বৃত্তি প্রদান • দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ সরবরাহ • ২০জন বেকার নারীকে সেলাই প্রশিক্ষণ প্রদানপূর্বক সেলাই মেশিন বিতরণের মাধ্যমে কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণ	৬
১৫. যাকাত ফান্ডের অর্থে বিভিন্ন প্রতিষ্ঠান পরিচালনা	• টঙ্গীস্থ শিশু হাসপাতাল পরিচালনা	৬
১৬. ইমাম-মুয়াজ্জিনদের আত্ম-নির্ভরশীলতার জন্য আর্থিক সহায়তা প্রদান	• ২০০ জন ইমাম-মুয়াজ্জিনদের মধ্যে বিনাসুদে ঋণ ও এককালীন সাহায্য হিসেবে ২০ লক্ষ টাকা বিতরণ	৮
১৭. চিকিৎসা সেবা প্রদান	• ৩১টি ইসলামিক মিশনের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের ১০ লক্ষ ২৫ হাজার অসহায় দরিদ্র মানুষকে বিনামূল্যে এ্যালোপ্যাথিক ও হোমিওপ্যাথিক চিকিৎসা সেবা প্রদান • প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্তদের মেডিকেল	৮

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	টীমের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান ● প্রাথমিক স্বাস্থ্য শিক্ষা প্রদান এবং পুষ্টি ও পরিস্কার পরিচ্ছনতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি	

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার্থীর সংখ্যা	লক্ষ জন	১০	১০	১০	১১	১২	১৩
২. প্রশিক্ষণপ্রাপ্ত ইমাম	হাজার জন	7	৮	৮	৯	১০	১১
৩. শিক্ষা কেন্দ্র স্থাপন ও শিক্ষক নিয়োগ	হাজার সংখ্যা	৩৪	৩৫	৩৬	৩৮	৩৯	৪০
৪. গবেষণা ও পুস্তক প্রকাশনা	সংখ্যা	১০০	১৩০	১৩০	১৩৫	১৪০	১৪৫
৫. বই বিতরণ *	হাজার	৫২	৬০	৬৫	৭০	-	-
৬. পাঠাগার স্থাপন *	সংখ্যা	৬০০	৮০০	৮০০	৬০০	-	-
৭. চিকিৎসা সেবা প্রদান	হাজার জন	১১০	১২০	১২০	১৩০	১৪০	১৫০
৮. ধর্মীয় শিক্ষামূলক কর্মসূচি, প্রতিযোগিতা এবং দিবস উদযাপনের মাধ্যমে উদ্বুদ্ধকরণ (সুবিধাভোগী)	হাজার জন	২৩৮	৪৭০	৪৭৫	৪৮০	৪৮৫	৪৯০

* প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় প্রক্ষেপিত বছরসমূহে লক্ষ্যমাত্রা প্রদর্শিত হয়নি।

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১৮,৫৯,০০	২১,০২,০০	২৫,২০,০০	২৭,৭২,০০	৩০,৪৯,২০
উন্নয়ন	০	০	১৩৪,০৫,০০	০	০
মোট	১৮,৫৯,০০	২১,০২,০০	১৫৯,২৫,০০	২৭,৭২,০০	৩০,৪৯,২০

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
ইসলামিক ফাউন্ডেশন	
অনুমোদিত প্রকল্প	
১. ইসলামিক ফাউন্ডেশন কেন্দ্রীয় লাইব্রেরী সম্প্রসারণ ও আধুনিকীকরণ	৫
২. বায়তুল মোকাররম মসজিদের সৌন্দর্য বৃদ্ধিকরণ, সংস্কার ও সম্প্রসারণ	
৩. ইসলামী ফাউন্ডেশনের বিভাগীয়, জেলা ও ইমাম প্রশিক্ষণ একাডেমী ভবন নির্মাণ	
৪. ইসলামী প্রকাশনা, অনুবাদ,গবেষণা ও বিশ্বকোষ কার্যক্রম (৫ম পর্যায়)	১১, ১২
৫. ইসলামিক ফাউন্ডেশনের বিদ্যমান ছাপাখানার উৎপাদন ক্ষমতা বৃদ্ধিকরণ	১১, ১২

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৬. মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৫ম পর্যায়)	১,২,৩,৪
৭. লিডার্স অব ইনফ্লুয়েন্স প্রোগ্রাম	৮
৮. মসজিদ পাঠাগার স্থাপন (৬ষ্ঠ পর্যায়)	৫
অননুমোদিত প্রকল্প	
১. ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম ডিজিটালে রূপান্তর ও ডিজিটাল আর্কাইভস স্থাপন	১২
২. ইসলামের আলোকে নারীর ক্ষমতায়ন প্রকল্প	৮
৩. মসজিদভিত্তিক আর্থ-সামাজিক ও ধর্মীয় মূল্যবোধ উন্নয়ন প্রকল্প (পাইলট)	৮, ৯, ১০
৪. ইসলামিক ফাউন্ডেশনের জেলা অফিস নির্মাণ প্রকল্প (২য় পর্যায়)	
৫. বঙ্গবন্ধু ইসলামিক মিশন হাসপাতাল ও নার্সিং ইনস্টিটিউট স্থাপন	১৭
৬. ঝালকাঠি ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন প্রকল্প	১৭
৭. সোলার প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি চাঙ্গাকরণ প্রকল্প	১৪
৮. বৃক্ষরোপনের মাধ্যমে জলবায়ু পরিবর্তনরোধ ও পরিবেশ উন্নয়ন কর্মসূচি	৮, ১৪
৯. ধর্মীয় নৈতিকতা শিক্ষার মাধ্যমে সন্ত্রাস ও দুর্নীতিমুক্ত সমাজ গঠন প্রকল্প	৩, ৮, ৯, ১০

৫.৩ হজ্জ অফিসসমূহ (ঢাকা এবং মক্কা)

৫.৩.১ **সাম্প্রতিক অর্জনঃ** পবিত্র হজ্জ পালনের জন্য সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় প্রেরিত প্রায় ৬০ হাজার হজ্জযাত্রীর নির্বিঘ্নে সৌদি আরব গমন এবং হজ্জব্রত পালনে সহযোগিতা প্রদান করা হয়েছে। হজ্জযাত্রীদের জন্য প্রয়োজনীয় গাইড বই মুদ্রণ ও বিতরণ, ম্যানিনজাইটিস রোগের টীকাসহ প্রয়োজনীয় প্রতিষেধক প্রদান করা হয়েছে। ১০ হাজার সরকারি হজ্জযাত্রীদের জন্য আশকোনাস্থ হজ্জ ক্যাম্পে এবং মক্কা ও মদীনায় সুলভমূল্যে বাসস্থানের ব্যবস্থা এবং ন্যায্যমূল্যে খাবার সরবরাহ করা হয়েছে। বিমান বন্দরের আনুষ্ঠানিকতা সম্পাদন, সৌদি আরবে অবস্থানকালীন সময়ে হজ্জযাত্রীদের তত্ত্বাবধান, মোয়াল্লিম নির্দিষ্টকরণ এবং সুষ্ঠুভাবে হজ্জের কার্যাবলি সম্পাদন করতে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়া হয়েছে। বাংলাদেশ হতে প্রেরিত প্রশাসনিক ও চিকিৎসকসহ অন্যান্য দলকে সহযোগিতা প্রদান করা হয়েছে । সৌদি আরবে অভ্যন্তরীণ পরিবহন এবং অসুস্থ্য হাজীদের চিকিৎসার ব্যবস্থা, মৃত হাজীদের দাফনসহ অন্যান্য কার্যাবলি সম্পন্ন করা হয়েছে। উমরা/যিয়ারত পালনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হয়েছে। সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার জন্য আইটি সংযোগ করা হয়েছে এবং এ লক্ষ্যে নিজস্ব ওয়েবসাইট চালু করা হয়েছে। ডাটা বেইজের মাধ্যমে হাজীদের তথ্য সংরক্ষণসহ অবস্থান ও শারীরিক অবস্থা স্বদেশে আত্নীয়-স্বজনকে জানানোর ব্যবস্থা করা হয়েছে। ইন্টারনেটের মাধ্যমে দেশ থেকে প্রাপ্ত বার্তা হাজীদের নিকট এবং হাজীদের নিকট থেকে প্রেরিত বার্তা দেশে আদান-প্রদানের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। ত্রুটিমুক্তভাবে হজ্জ পালনের সুবিধার্থে হাজীদের বিশেষ হজ্জ প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. হজ্জ ব্যবস্থাপনায় আইটি সংযোজনসহ হজ্জ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পাদন	• হজ্জ ব্যবস্থাপনা কার্যক্রমে গতিশীলতা আনয়ন • হজ্জযাত্রীদের জন্য যাবতীয় ফরম মুদ্রণ ও সরবরাহ, অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে ফ্লাইট সিডিউল নির্ধারণ, ভিসা এবং বিমান টিকেট সংগ্রহ • হজ্জযাত্রীদের মেডিকেল চেকআপ, ভ্যাকসিন প্রদান, ইমিগ্রেশন, কাস্টম চেকিং এবং বৈদেশিক মুদ্রা সংগ্রহে সহযোগিতা প্রদান • হজ্জ যাত্রীদের নির্ভুল তথ্যাদি সংরক্ষণের মাধ্যমে হজ্জ সম্পাদন নির্বিঘ্ন করা • হজ্জ এজেন্সীসমূহের মাধ্যমে গমনেচ্ছু হজ্জযাত্রী এবং ওমরাহ্ যাত্রীবৃন্দকে সৌদি আরব প্রেরণের ব্যবস্থাকরণ	৫
২. সৌদি আরবে হজ্জযাত্রীদের জন্য পরিবহন ও আবাসন ব্যবস্থাসহ অন্যান্য সুযোগ সৃষ্টি	• ৭৫ হাজার হজ্জযাত্রীদের জন্য পরিবহন ও আবাসন ব্যবস্থা সহ জেদ্দা বিমান বন্দরে সার্বিক সহযোগিতা প্রদান • হজ্জ এজেন্সীদের কার্যক্রম তদারকি • সুষ্ঠু হজ্জ ব্যবস্থাপনার সঙ্গে সৌদি আরবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও ডিপার্টমেন্টের সাথে সার্বক্ষনিক যোগাযোগের মাধ্যমে সমন্বয় করা • উমরাহ্/যিয়ারত পালনে সহযোগিতা প্রদান • সরকারি ও বেসরকারি ভাড়াকৃত বাড়ীর তাসরিয়া সংগ্রহ ও ছাড়পত্র গ্রহণ	৫

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. সরকারি ব্যবস্থাপনায় প্রেরিত হাজীর তত্ত্বাবধান	হাজার জন	৭.৬	৮.৩	-	১৫.০০	২০.০০	২৫.০০
২. বেসরকারি ব্যবস্থাপনায় প্রেরিত হাজীদের সহযোগিতা প্রদান	হাজার জন	40.7	৫০.০০	৫০.৪	৬০.০০	৬৫.০০	৭০.০০
৩. ওমরা/যিয়ারত পালন ব্যবস্থাপনায় সহযোগিতা	হাজার জন	11	১১.৫	১১.৫	১২	১২.৫	১৩
৪. মক্কায় হজ্জকর্মী নিয়োগ	সংখ্যা	১৫০	১৭৫	১৭৫	১৮০	১৮৫	২০০

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
5. g°v-gw`bvq wPwKrmv mweav c`vb	nvRvi Rb	40	45	45	50	55	60
6. g°v-gw`bvq Jla mieivn	j¶ UvKv	38	40	40	45	50	55

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৭,৪০,৭৪	৯,৭০,৭৬	১০,২৬,৮০	১১,২৭,৮৪	১২,৪০,৪২
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৭,৪০,৭৪	৯,৭০,৭৬	১০,২৬,৮০	১১,২৭,৮৪	১২,৪০,৪২

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
হজ্জ অফিসসমূহ	
অনুমোদিত প্রকল্প ঃ নাই	

৫.৪ বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়

৫.৪.১ সাম্প্রতিক অর্জনঃ ১৯৬২ সালের ওয়াক্‌ফ অধ্যাদেশের ৭১ ধারামতে ওয়াক্‌ফ প্রশাসনে তালিকাভুক্ত ওয়াক্‌ফ এস্টেটগুলোর নীট আয়ের শতকরা ৫% ভাগ ওয়াক্‌ফ চাঁদা হিসেবে মোট ৩.৩২ কোটি টাকা আদায় করা হয়েছে। মসজিদ সংস্কার/মেরামত কাজে ৫.০০ লক্ষ টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে। বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসনে ১৯,৮৬৫টি ওয়াক্‌ফ এস্টেট তালিকাভুক্ত করা হয়েছে। ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ে নতুন ১২টি সৃষ্টিসহ শূন্যপদে জনবল নিয়োগের ব্যবস্থা করা হয়েছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ওয়াক্‌ফ এস্টেটসমূহ চিহ্নিতকরণ, রক্ষণাবেক্ষণ ও ডাটাবেইজ প্রস্তুতকরণ	• তালিকাভুক্ত এস্টেটসমূহের সকল তথ্য সম্বলিত ডাটা বেইজ প্রস্তুতকরণ এবং ডাটা বেইজের আলোকে নথি ব্যবস্থাপনা, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান • তালিকা বহির্ভূত ১,৩২,৩৩৫ টি ওয়াক্‌ফ এস্টেটকে তালিকাভুক্তির পদক্ষেপ গ্রহণ	৩
২. ওয়াক্‌ফ এস্টেট সম্পত্তি পরিচালনা ও উন্নয়নে কার্যক্রম গ্রহণ	• ওয়াক্‌ফ এস্টেটের রক্ষণাবেক্ষণ, আয় ব্যয়ের হিসাব অডিট ও মামলা মোকদ্দমা নিস্পত্তিকরণ • ওয়াক্‌ফ এস্টেটের নীট আয়ের ৫% হারে ওয়াক্‌ফ চাঁদা আদায়ের লক্ষ্যমাত্রা ৫.৬৯ কোটি টাকা নির্ধারণ	৩

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
	• এস্টেট পরিচালনায় বৃত্তিভোগীদের ভাতা প্রদান নিশ্চিতকরণ	

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. তালিকাবিহীন এস্টেট তালিকাভুক্তিকরণ	সংখ্যা	৫৭৫	১,১২৫	১,১২৫	১,২৫০	১,৩২৫	১,৫০০
২. এস্টেট অডিটকরণ	সংখ্যা	১,৭০৫	১,৮৫০	১,৮৫০	১,৯৭৫	২,১২৫	২,৩৫০
৩. মসজিদ/মাদ্রাসা সংস্কার	সংখ্যা	৩৭	৩৫	৩৫	৩৮	৪০	৪২
৪. ওয়াক্‌ফ চাঁদা আদায়	কোটি টাকা	৩.৩২	৫.৬৯	৫.৬৯	৬.২৬	৬.৮৯	৭.৫৮

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৫১,০০	৭০,১৩	৭৫,০০	৮২,৫০	৯০,৭৫
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৫১,০০	৭০,১৩	৭৫,০০	৮২,৫০	৯০,৭৫

৫.৪.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়	
অনুমোদিত প্রকল্প ঃ নাই	

৫.৫ হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ দেশের মঠ/মন্দির/আশ্রম সংস্কার এবং দুঃস্থদের মাঝে আর্থিক অনুদান হিসেবে ২৫৬.৭ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে। ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম শীর্ষক প্রকল্পের অধীন ৩২ জেলায় স্থাপিত ২,৮০৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে মোট ১,৬৭,০৭০ জন শিক্ষার্থীকে পাঠদান করা হয়েছে। মানব সম্পদ উন্নয়নে ১,১৬০ জন হিন্দু ধর্মীয় ব্যক্তিত্বদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এশিয়া ফাউন্ডেশনের আর্থিক সহযোগিতায় Leaders of influence Program বাস্তবায়ন করা হচ্ছে এবং এ কর্মসূচির মাধ্যমে এ পর্যন্ত ৭৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. প্রাক-প্রাথমিক স্তরের শিশুকে (৪-৬ বছর) প্রাক-প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা প্রদান	• ০১ লক্ষ শিশু শিক্ষার্থীকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদান	১
২. প্রাক-প্রাথমিক স্তরের পাঠ্য বই প্রণয়ন ও বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ	• প্রাক-প্রাথমিক পর্যায়ে ০১ লক্ষ শিশু শিক্ষার্থীকে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ	১

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৩. শিক্ষক ও সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ প্রদান	• প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রমে নিয়োজিত শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান	১
৪. শিশু শিক্ষার্থীদের প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির ব্যবস্থাকরণ	• প্রাক-প্রাথমিক শিশু শিক্ষার্থীর প্রাথমিক বিদ্যালয়ে গমন শতভাগ নিশ্চিতকরণ	১
৫. ধর্মীয় ব্যক্তিত্বকে (পুরোহিত/ সেবাইত) আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	• স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক সমস্যা বিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ সামাজিক সমস্যা নিরসনে জনসাধারণকে সচেতন করতে ইমাম/সোয়াইত/পুরোহিতদের উদ্বুদ্ধকরণ • ৫০০ জন হিন্দু ধর্মীয় নেতাকে প্রশিক্ষণ প্রদান	২
৬. দেবোত্তর সম্পত্তি চিহ্নিতকরণ, রক্ষণাবেক্ষণ ও তালিকা প্রণয়ন	• তালিকা বহির্ভূত দেবোত্তর সম্পত্তি তালিকাভুক্তির পদক্ষেপ গ্রহণ	৩
৭. দেবোত্তর সম্পত্তি পরিচালনা ও উন্নয়নে কার্যক্রম গ্রহণ	• দেবোত্তর সম্পত্তির আয়-ব্যয়ের সঠিক হিসাব সংরক্ষণ	৩
৮. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে (মন্দির/মঠ/ আশ্রম/মঠ) অনুদান প্রদান	• ৫৫০টি মন্দির/আশ্রম/মঠ- এ ৯৩.০০ লক্ষ টাকা অনুদান প্রদান	৭

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. মঠ/মন্দির/আশ্রমে প্রদত্ত অনুদান	সংখ্যা	৪০০	৪৫০	৫০০	৫৫০	৬০০	৬৮০
2. দূর্গা পূজায় অনুদানপ্রাপ্ত মন্ডপ	হাজার সংখ্যা	১৯	২০	২১	২২	২৩	২৪
৩. মন্দিরভিত্তিক শিক্ষা কেন্দ্র স্থাপন	সংখ্যা	২,৮০৪	২,৮০৪	২,৮০৪	২,৮০৪	৫,২৫০	৫,২৫০
৪. প্রশিক্ষণ প্রাপ্ত পুরোহিত/ সেবাইত	সংখ্যা	৪৮০	৬০০	৬০০	৬৮০	৭২০	৭৬০
৫. প্রাক-প্রাথমিক ও ধর্মীয় শিক্ষার্থীর সংখ্যা	হাজার জন	৮৩	৮৩	৮৩	৮৩	১৫৬	১৫৬

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১,১০,০০	৫,২২,৫০	১,৪৭,৬৫	১,৬২,৪৮	২,০৮,৬৫
উন্নয়ন	০	০	০	০	০
মোট	১,১০,০০	৫,২২,৫০	১,৪৭,৬৫	১,৬২,৪৮	২,০৮,৬৫

৫.৫.৫ সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
হিন্দু ধর্মীয় কল্যাণট্রাস্ট	
অনুমোদিত প্রকল্প	
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (২য় পর্যায়)	১, ২, ৩, ৪
অননুমোদিত প্রকল্প	
1. মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৩য় পর্যায়)	১, ২, ৩, ৪
2. পুরোহিত প্রশিক্ষণ	৫

৫.৬ বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

৫.৬.১ **সাম্প্রতিক অর্জনঃ** বৌদ্ধ উপাসনালয় গুলো মেরামত, সংস্কার ও সংরক্ষণের জন্য ৯৭ .২০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। মানব সম্পদ উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণের জন্য ৮.৯৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে এবং ৭৫০ জন ধর্মীয় ব্যক্তিত্বদের মানব সম্পদ উন্নয়ন বিষয়ে সম্পৃক্ত করা হয়েছে । ১০.০০ লক্ষ টাকা ব্যয়ে পালি-বাংলা অভিধান ১ খণ্ড ও ২য় খণ্ড ছাপানোর কাজ সমাপ্ত হয়েছে। ঢাকা মহানগরীর জন্য রায়ের বাজারের তুরাগ নদীর তীরে বৌদ্ধ শ্মশান প্রতিষ্ঠা করা হয়েছে। বৌদ্ধদের জন্য পৃথক পারিবারিক আইন প্রণয়নেরও উদ্যোগ নেওয়া হয়েছে।

৫.৬.২ প্রধান কার্যক্রমসূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ধর্মীয় ব্যক্তিত্বকে (ভিক্ষু) আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	• ৭৫০ জন ভিক্ষুকে আর্থ-সামাজিক বিষয়ে প্রশিক্ষণ প্রদান	২
২. ধর্মীয় প্রতিষ্ঠানসমূহকে (প্যাগোডা/ বৌদ্ধ মন্দির) অনুদান প্রদান	• ২৫০টি প্যাগোডা/মন্দিরে ১৬.০০ লক্ষ টাকা অনুদান প্রদান	৭

৫.৬.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. অনুদানপ্রাপ্ত প্যাগোডা/বৌদ্ধ মন্দির/ধর্মীয় প্রতিষ্ঠান	সংখ্যা	২০০	230	২৩০	২৫০	২৬০	265
২. প্রশিক্ষণ প্রাপ্ত বৌদ্ধ ভিক্ষু	সংখ্যা	৯০	১২০	১২০	১৫০	১৫০	১৫০

৫.৬.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	২০,০০	২০,৪০	২৬,১৯	২৮,৮০	৩১,৬৮
উন্নয়ন	০	০	০	০	০
মোট	২০,০০	২০,৪০	২৬,১৯	২৮,৮০	৩১,৬৮

৫.৬.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট	
অনুমোদিত প্রকল্প ঃ নাই	